Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে ফাল্গুন বুধবার ১৩৭০ ইংরাজী 11th Mar. 1964 { ৩৯শ সংখ্যা

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

## বহরমপুর এক্সরে ক্লিনিক

স্বল গম্বুজের নিকট

**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

## অমিয় মেডিক্যাল কোম্পানী, অরঙ্গাবাদ

সুবিধা দরে ঔষধ পাইবার একমাত্র প্রতিষ্ঠান। বিঃ দ্রঃ—জঙ্গিপুর মহকুমার খ্যাতনামা চিকিৎসক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়, এম-বি-বি-এস, ডি-টি-এম (কলিঃ), ডি-জি-ও (ডবলিন), ডি-ও (লণ্ডন) প্রতি বুধবার আমাদের ফার্ম্মেসীতে আসিয়া রোগী দেখিয়া থাকেন। জিয়াগঞ্জ মহিলা হাসপাতালের যাবতীয় ঔষধ পাইবেন।

বিনীত—অমিয়কুমার দাস।

## সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৭শে ফাল্গুন বুধবার সন ১৩৭০ সাল।

# কংগ্রেস ও জনসাধারণ

—০—

কংগ্রেস কি তাহা জনসাধারণের শতকরা ৯০ জন লোকই জানে কিনা সন্দেহ। তবুও দেশের যে কোনও নির্ব্বাচনে অধিকাংশ কংগ্রেসপ্রার্থী জয়লাভ করে কেন? সাধারণের বিশ্বাস কংগ্রেস একজন মানুষই হউক, একটা দলই হউক, বা দেবতাই হউক, দেশের সকল লোকের কিসে মঙ্গল হইবে, কিসে দেশের লোক দুবেলা দুটো খাইতে পাইবে, মোটা হউক, ঘেঁটে হউক, লজ্জা নিবারণ করার কাপড় পাইবে কংগ্রেস তারই জন্য ব্যস্ত। লোক যেমন মঙ্গলময় ভগবানকে কখনও না দেখেও তাঁর উদ্দেশে মাথা নত করে, তেমনি কংগ্রেসের নাম শুন্‌লেই আপামর সকলেই কংগ্রেস ছাড়া কাউকে ভোট দিবে না বলিয়া পণ করিত। জন্মদাতা, অন্নদাতা পিতা হিন্দু মহাসভার মেম্বর, তিনি চেষ্টা করিতেছেন—যাতে হিন্দু মহাসভার প্রার্থী জয়যুক্ত হয়; তাঁরই পুত্র মায়ের পায়ে ধ'রে বলিতেছে—মা তুমি আমার মাথায় হাত দিয়ে বলো যে কংগ্রেসকে ভোট দিবে। এই সব ঘটনা হইতে কংগ্রেসের প্রতি লোকের অনুরক্তি কত বেশী ছিল তাহা সহজেই অনুমান করা যায়। কংগ্রেস ভারত শাসনের ভার প্রাপ্ত হইয়াছে। ইংরাজের আমলে যে সব শাসনকর্ত্তা ছিলেন তাঁরা তো শাসন করিতে লাগিলেনই, তাহার উপর দেশের কংগ্রেসের দলভুক্ত কর্ম্মী-নামধারী সাধারণের চেনা শোনা কতকগুলি লোক এই শাসনকার্য্যে কর্ত্তৃত্ব করিতে লাগিলেন। কংগ্রেসের উর্দ্ধতন কর্ত্তারা তো কষ্টি দিয়া মানুষ কষিতে পারেন না, যে কষিয়া ঠিক করিবেন—কে ভাল মানুষ, কে মন্দ মানুষ,—কে সৎ কে অসৎ। একদিন নিশান তুলিয়া বা পিকেটিং করিয়া যিনি জেলে গিয়াছেন, জেলে গিয়া নেতৃবৃন্দের শীর্ষস্থানীয় কোনও মহাপুরুষের সহিত পরিচিত হইবার সৌভাগ্য লাভ করিয়াছেন, তিনিও আজ একজন শাসক শ্রেণীভুক্ত। জেলের চৌকাঠ না মাড়াইয়াও কেউ কেউ এই শ্রেণীভুক্ত হইয়াছেন।

দেশের লোকের কাছে কিন্তু মানুষ কষা কষ্টিও আছে আর এঁদের কোষ্ঠীও আছে। তাঁরা তো জানেন এঁরা কে কি প্রকৃতির লোক। এঁদের কর্ত্তৃত্ব ও সদাচারের নামে অনাচার দেশের লোককে অতিষ্ঠ করিয়া তুলিয়াছিল। তিন চার পুরুষ ধরিয়া অধীনতার চাপে যাহারা পাহারাওয়ালাকে জমাদার সাহেব বলিয়া খুসী করিয়া আসিতেছে, এদের কাজের প্রতিবাদ করিতে তাহারা কোনওরূপে সাহস করিত না। তার উপর লোকের নিত্য ব্যবহার্য্য কাপড়, কেরোসিন, চিনি প্রভৃতি বণ্টনের ভার এঁদের উপর, কাজেই—

"যদিও আমার প্রভু শুঁড়ি বাড়ী যায়,
তথাপি আমার প্রভু নিত্যানন্দ রায়"

অনাস্থা সত্ত্বেও আস্থা দেখাইতে হইত। সামনে খোসামোদ করিলেও মনে মনে সকলেই বিরক্তি বোধ করিত। লোকে ভয় করিত—হাকিম এদের কথা শুনেন, এরা কখন কি ফেরেব্বায় ফেলে দিয়ে নাস্তানাবুদ করবে।

আমরা ছেলেবেলায় যাত্রাগানে কংসবধ পালা শুনেছি! কংস যখন আসরে আসতো এলেই সকলে বল্‌তো—

"ও রাজা কংস
বাড়ুক তোমার বংশ"

আবার আসর থেকে বাইরে গেলেই সমস্বরে চীৎকার ক'রে ব'লে উঠতো—

"ও রাজা কংস
কবে হবে ধ্বংস।"

---

## দুই পুরুষ অভিনয়

—০—

গত ৭ই ও ৮ই মার্চ্চ শনিবার ও রবিবার রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সাহায্যকল্পে বিদ্যালয়ের ছাত্রীদের দ্বারা তারাশঙ্করের বহু প্রশংসিত নাটক 'দুই পুরুষ' সাফল্যের সঙ্গে অভিনীত হয়। দুই দিনই প্রভূত জনসমাগম হইয়াছিল। বালিকা ও শিক্ষিকাদের প্রথম উদ্যম সত্যই প্রশংসনীয়। নানা দোষ ত্রুটি থাকা সত্ত্বেও সামগ্রিক অভিনয় ভালই হইয়াছিল। বিমলা, কল্যাণী, মহাভারত, সাতু ঠাকরুণ, দেবনারায়ণ, সুশোভন সকলের দৃষ্টি আকর্ষণ করে। অন্যান্য যারা ছিল তারাও যথাযথ অভিনয় করে নাটকটিকে সমাপ্তির পথে টেনে নিয়ে যেতে সাহায্য করেছিল। মণ্ডপ, মঞ্চ ও আলো ভালই হইয়াছিল। বিদ্যালয়ের প্রধানা শিক্ষয়িত্রী শ্রীশকুন্তলা চৌধুরী মহোদয়া নাটকটী পরিচালনার দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন।

---

## স্বল্প-সঞ্চয় পরিকল্পনা

—০—

বিগত ২৯শে ফেব্রুয়ারী পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও স্বল্প-সঞ্চয় বিভাগের মন্ত্রী মাননীয়া শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় মহাশয়া বহরমপুরে ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে অর্থ লগ্নী বিষয়ে ভাষণ দিয়াছেন।

জেলার স্বল্প-সঞ্চয় বিভাগের কর্ম্মীগণ কতকগুলি শিক্ষিত ও অবস্থাশালী ব্যক্তিদের নিকট গিয়া 'কোটা' (আনুপাতিক অংশ) পূরণ করিলে সরকারের প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হইবে না। গরীব দিনমজুরদের স্বল্প-সঞ্চয়ের উপকারিতা ও উদ্দেশ্য বিশেষভাবে বুঝাইতে হইবে। প্রত্যেক মহকুমার সহরে গিয়া সরকারী নিয়ম-মাফিক হাজিরা দিলে চলিবে না। স্বল্প-সঞ্চয় কেবল ধনীদের জন্য নহে, মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তদের মধ্যে ইহা প্রচার করা একান্ত আবশ্যক। কর্ম্মীগণ মনে প্রাণে কাজ করিলে সরকারের প্রকৃত উদ্দেশ্য সিদ্ধ হইবে এবং দেশের গরীব জনসাধারণ উপকৃত হইবেন।

---

# যঃ পলায়তি স জীবতি



*স্বাধীনতা যথা পাব, সেখানে চলিয়া যাব*
*আকর্ষণ রাখিব না কিছু,*
*বাঁধিও না মমতায়, বিদায়! বিদায়!! ভাই!*
*মিছামিছি ছুটিও না পিছু।*

## গৃহদাহ

বিগত ৯ই ফাল্গুন শনিবার রঘুনাথগঞ্জ থানার দয়ারামপুর ইউনিয়নের কাদিকোলা গ্রামে আগুন লাগার ফলে ১০। ১২ খানি ঘর পুড়িয়া প্রায় ৬০টী গৃহস্থ পরিবার গৃহহীন হইয়াছে। একটী বালক সাংঘাতিকভাবে অগ্নিদগ্ধ 'হইয়াছে ও অনেকগুলি গৃহপালিত পশু পুড়িয়া মারা গিয়াছে।

বিগত ১৯শে ফাল্গুন মঙ্গলবার দ্বিপ্রহরে রঘুনাথ-গঞ্জ থানার জামুয়ার ইউনিয়নের অন্তর্গত কুলড়ী গ্রামে আগুন লাগিয়া ৫। ৬টী গরীব গৃহস্থের ঘর, ধান ও আসবাবপত্র পুড়িয়া গিয়াছে। গৃহহীন হইয়া বেচারীরা চরম দুর্দ্দশায় পড়িয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ৩০শে মার্চ্চ, ১৯৬৪

১৯৬১ সালের ডিক্রীজারী

১০ স্বত্ব ডিঃ রাজেন্দ্রনাথ ওরফে রাজেন্দ্রনারায়ণ সাহা দেং রিয়াজুদ্দিন বিশ্বাস দিং দাবি ৪০৪ টাকা ৬১ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে জয়কৃষ্ণপুর ১১৬ শতকের কাত ৪৲৯ আঃ ২০০৲ খং ১৬০ রায়ত স্থিতিবান স্বত্ব

---

**জমি বিক্রয়**—রঘুনাথগঞ্জ নূতন হাসপাতাল রউত রে সাত বিঘা জমি সমস্তটা অথবা কাঠা হিসাবে বিক্রয় হইবে। শ্রীদিগম্বর চট্টোপাধ্যায়, রঘুনাথগঞ্জ।

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে জানান যাইতেছে যে আগামী ১৯৬৪—৬৫ সালের জন্য মুর্শিদাবাদ জেলার তাড়ির দোকানসমূহ প্রকাশ্য নিলাম ডাকে বন্দোবস্ত দেওয়া হইবে। বহরমপুরস্থিত মুর্শিদাবাদ জেলা আবগারী অফিসে আগামী ইংরাজী ২৪শে মার্চ্চ ১৯৬৪ বেলা ১২ ঘটিকায় উক্ত নিলাম অনুষ্ঠিত হইবে। নিলাম ডাকে উক্ত দোকান-সমূহ বন্দোবস্ত লইতে ইচ্ছুক ব্যক্তিগণ উক্ত দিনে উক্ত সময়ে এবং উক্ত স্থানে হাজির হইয়া নিলাম ডাকে যোগদান করিতে পারেন।

বিস্তারিত বিবরণ নিকটস্থ আবগারী অফিসে জানা যাইবে।

প্রকাশ থাকে যে নিম্নস্বাক্ষরকারী সর্ব্বোচ্চ ডাক গ্রহণে বাধ্য থাকিবেন না।

স্বাক্ষর—এস, কে, বন্দ্যোপাধ্যায়,
অন্তঃশুল্কাধ্যক্ষ মুর্শিদাবাদ





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |



★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

# কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)